আলমডাঙ্গায় এক রুমে ৫ অপারেশন থিয়েটার, সিলগালা

আলমডাঙ্গার মডার্ণ ডেন্টাল সার্জারীর একই রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকায় অনির্দিষ্টকালের জন্য সিলগালা করেছে উপজেলা প্রশাসন। (২৬ নভেম্বর) শনিবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযান সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার দারুস সালাম প্রাঙ্গণের কলেজ মোড়ে অবস্থিত মডার্ণ ডেন্টাল সার্জারী । দীর্ঘদিন যাবৎ মডার্ন ডেন্টাল সার্জারীর চেম্বারে চিকিৎসা সেবা দিচ্ছে ঢাকা ডেন্টাল মেডিকেল হসপিটালের ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা. আব্দুল হান্নান।

গত (২৪ শে নভেম্বর) বৃহস্পতিবার রাতে উপজেলার পাইকপাড়া গ্রামের ব্যাংক কর্মচারীর চিকিৎসার অব্যবস্থাপনার কারণে মৃত্যুর অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা প্রশাসন ও জেলা সিভিল সার্জনের প্রতিনিধি ওই প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর, জেলা সিভিল সার্জনের প্রতিনিধি চুয়াডাঙ্গা সদর প.প. কর্মকর্তা ডা. আউলিয়ার রহমান, আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প.প. কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ।

অভিযান পরিচালনার সময় এক রুমে ৫টি অপারেশন থিয়েটার থাকার অপরাধে অনির্দিষ্টকালের জন্য অপারেশন থিয়েটার সিলগালা করেছে উপজেলা প্রশাসন।

আলমডাঙ্গায় দাঁতের সংক্রমণ চিকিৎসা করতে এসে রোগীর মৃত্যু

আলমডাঙ্গায় দাঁতের সংক্রমণ চিকিৎসা করতে এমে রুবেল হোসেন (২৭) নামের এক রোগীর মৃত্যু হয়েছে। শুক্রবার আলমডাঙ্গার মর্ডাণ ডেন্টাল ক্লিনিকে ওই রোগী আসলে ডাক্তার অপারেশনের প্রস্তুতি নেওয়ার এক পর্যায়ে রোগীর শ্বাসকষ্ট শুরু হয়। দ্রুত তাকে ফাতেমা ক্লিনিকে নিয়ে গিয়ে শ্বাস প্রশ্বাস স্বাভাবিক করার জন্য শ্বাশনালী ফুটো করে তাকে কুষ্টিয়ায় রেফার্ড করা হলে সেখানে রোগীর মৃত্যু হয়।

স্থানীয় সুত্রে জানা যায়,আলমডাঙ্গার পারকুলা গ্রামের রফিকুল ইসলামের ছেলে রুবেল হোসেন অগ্রণী ব্যাংকের এজেন্ট ব্যাংকিং এ চাকরী করেন। কয়েক বছর ধরে তার দাঁতের মাড়িতে সংক্রমণ হয়ে পুজ জমে। তিনি এই সংক্রমণ চিকিৎসার জন্য আলমডাঙ্গার মর্ডাণ ডেন্টাল ক্লিনিকে ডেন্টাল সার্জন আব্দুল হান্নানের কাছে আসেন। রোগীর চোয়ালের নীচে পুঁজের জমে থাকার কারণে শ্বাসনালী বন্ধ হওয়ার উপক্রম হয়। রোগীর চিকিৎসার জন্য চোয়াল অবশ করার এক পর্যায়ে প্রচন্ড শ্বাসকষ্ট শুরু হলে তাকে দ্রুত স্থানীয় ফাতেমা টাওয়ারে নিয়ে যাওয়া হয়। সেখানে অপারেশন থিয়েটারে নিয়ে শ্বাসপ্রশ্বাস স্বাভিাবক করার চেষ্টা চালানো হয়। পরে এনেস্থিয়া ডাক্তার আব্দুস সালাম ঘটনাস্থলে উপন্থিত। এরপর ডেকে নেওয়া হয় নাক কান গলা বিশেষজ্ঞ খালিদ মাহমুদকে।

তৎক্ষণে রোগীর অবস্থা আরও খারাপ হতে থাকে। তিনি এসময় শ্বাসপ্রশ্বাস একেবারেই নিতে পারছিলেন না। ডাক্তার খালিদ মাহমুদ শ্বাস প্রশ্বাস স্বাভিাবক করার জন্য শ্বাসনালী (ট্রা্ক্সওসটমি) ফুটো করে কৃত্রিমভাবে শ্বাস প্রশ্বাস স্বাভাবিক করার চেষ্টা করেন। এতেও কাজ না হয়ে রোগীর পরিস্থিতি অবনতি হলে তাকে অক্সিজেন দিয়ে কুষ্টিয়া মান্নান হার্ট ফাউন্ডেশনে নিয়ে যাওয়া হয়। সেখানে নিয়ে যাওয়ার পর চিকিৎসক রোগীকে মৃত ঘোষনা করেন।

এ বিষয়ে মর্ডাণ ডেন্টাল ক্লিনিকে ডেন্টাল সার্জন আব্দুল হান্নান জানান,রোগী দাঁতের সংক্রমণ থেকে চোয়ালের নীচে পুঁজ জমে।

সেলুলাইচ নিয়ে আমাদের কাছে আস। রোগীর শ্বাসকষ্ট শুরু হলে অক্সিজেন ও আনুসাঙ্গিক সার্পোটের জন্য ফাতেমা টাওয়ারে নেওয়া হয়। তারপর শ্বাসকষ্ট বাড়তে থাকলে শ্বাসনালী ফুটা করে শ্বাস প্রশ্বাস ম্টেবল করার চেষ্টা করা হয়। এ অপারেশনের জন্য এনেস্থেশিয়া ডা: আব্দুস সালামের উপস্থিতিতে ইএনটি ডা: খালিদ আমি চেষ্টা চালিয়ে এয়ার ওয়ে স্টেবল করা হয়। তারপরও রোগী খারাপেন দিকে গেলে তাকে আইসিইউতে রেফার্ড করা হয়।

এদিকে কুষ্টিয়া থেকে লাশ গ্রামে নিয়ে আসলে স্বজনদের আহাজারি শুরু হয়। সংবাদ পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হন। পরে থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম পরিবারের কাছে বিষয়টি জানতে চান। তাদের কোন অভিযোগ না থাকায় লাশ দাফনের অনুমতি দেয় পুলিশ। দুপুরে লাশের দাফন সম্পন্ন হয়।

আলমডাঙ্গায় বাসের সঙ্গে আলমসাধুর সংঘর্ষ, নিহত ১

আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়ায় যাত্রীবাহি বাস ও আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে ১ জন নিহত হয়েছে। স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সোমবার (২১ নভেম্বর) দুপুর ২ টার দিকে এ দুর্ঘটনাটি ঘটে। খবর পেয়ে হাটবোয়ালিয়া ফাঁড়িপুলিশ লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

নিহত আলমসাধু চালক জিন্নাত আলী গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের নান্দবার গ্রামের মৃত রতন শেখের ছেলে জিন্নাত আলী। সে সোমবার দুপুরে আসমানখালী বাজার থেকে হাটবোয়ালিয়ায় যাচ্ছিলো।

এসময় চুয়াডাঙ্গা থেকে আসা দ্রুতগামী যাত্রীবাহি বাস আলমসাধু

গাড়ির পিছনে ধাক্কা দেয়। নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার পাশে খাদে পড়ে সে গুরুতর আহত হয় । স্থানীয়রা উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল আজমের ৬৭ তম জন্মবাষিকী পালন

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক কবি,সাহিত্যিক,নাট্যব্যাক্তিত্য হামিদুল ইসলাম আজমের ৬৭ তম জন্মবার্ষিকি পালিত হয়েছে।

দুপুর ২ টার দিকে আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জন্মদিন পালন অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সাহিত্য পপরিষদের সাধারন সম্পাদক আ,ফ,ম সিরাজ সামজী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা কবি আব্দুল কাদের। তিনি বলেন হামিদুল ইসলাম আজম একজন বহুমুখি প্রতিভার
নাম,সেএকাধারে,নাট্যাভিনেতা,নাট্যকার,কবি,সাহিত্যিক,সাংবাদিক,প্রাবন্ধিক, ফুটবলার,বাচিক শিল্পি, সংগঠক,রাজনৈতিক ব্যাক্তিত্ব সহ বহুমুখি প্রতিভার অধিকারি।আমি দীর্ঘদিন থেকে তাকে দেখছি,সাংবাদিক হিসেবে।

সাহিত্য পরিষদ গঠন করার বেশ কিছুদিন পর আজম সাহেব আমাদের সাথে যোগ দেয়,আজ বলতে দ্বিধা নেই হামিদুল আজম সাহিত্য পরিষদে যোগ দেবার পর সাহিত্য পরিষদ গতিশীল হয়েছে।আমি তার সার্বিক মঙ্গল কামনা করছি।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার,আলমডাঙ্গা সাংস্কৃতিক জোটের সভাপতি ডাঃ অমল কুমার। ,আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরি

উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রেসক্লাবের সহ-সভাপতি মাথাভাঙ্গা ব্যুরোপ্রধান রহমান মুকুল,যুগ্ম সাধারন সম্পাদক ও পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রশান্ত বিশ্বাস,সিনিয়র সাংবাদিক আকাশ খবরের ব্যুরো প্রধান ফিরোজ ইফতেখার,গাঙচিল সাহিত্য সাংস্কৃতিক পরিষদের সভাপতি কবি জামিরুল ইসলাম খান, সাধারন সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার,কবি ও প্রকাশসক কিশোর কারুনিক,ব্যাংক এশিয়ার শাহাবুল ইসলাম,সাংবাদিক শরিফুল ইসলাম,সাংবাদিক তানভীর আহম্মেদ সোহেল,বৈশাখি টিভির ক্যামেরাম্যান সাহরিয়ার মানিক,কবি হাসিনা হারভীয়া প্রমুখ।

কবি হামিদুল ইসলাম আজম তার অনুভুতি ব্যাক্ত করতে গিয়ে জানান,আমি ছোট বয়স থেকে সাংস্কৃতিক কর্মকান্ডে জড়িয়ে পড়ি।বিশেষ করে নাটকের প্রতি আমার বরাবরই ঝোক ছিল।নাটক লেখা,মঞ্চ করা,রেডিও নাটক করা,টেলিভিশনে নাটক করার শখ ছিল,সবই একে একে করেছি,কিন্ত বয়সটা ততোদিনে অনেকদুর গড়িয়ে গেছে,ফুটবল খেলোয়াড় হিসেবে চাকরি করেছি,মাত্র ১৪বছর ৭মাস বয়সে মুক্তিযুদ্ধে অংশ নিতে ভারতে চলে গেছি।আজ বয়স বেড়েছে,কিন্ত মনের জোরে এখনও সব কাজ করে বেড়াচ্ছি।আরো বক্তব্য রাখেন হাটবোয়ালিয়া কলেজের সহকারি অধ্যাপক কবি আসিফ রহিম জোয়ার্দার,কবি মহসিন আলী চান্দ, কবি অহর আলী,প্রমুখ।

সভায় কেক কেটে শুভ জন্মদিন পালন করা হয়,পরে মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে।

আলমডাঙ্গার হাঁপানিয়ায় বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত

‘বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি’ এই শ্লোগানকে সামনে আলমডাঙ্গার হাঁপানিয়ায় বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার দুপুর ২টায় উপজেলার চিৎলা ইউনিয়নের হাঁপানিয়া ক্যাম্প পুলিশের আয়োজনে ফাঁড়ি পুলিশ প্রাঙ্গণে এ বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল মো. আনিসুজ্জামান।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, সমাজ থেকে বাল্যবিবাহ বন্ধ করতে হবে। মাদকমুক্ত সমাজ গড়তে হবে। নিরাপদ সমাজ বিনির্মাণে পুলিশের সেবা জনগণের দোড়গোড়ায় পৌঁছে দিতে হবে। এজন্য বিট পুলিশিং কার্যক্রমকে জোরদার করতে হবে। ঘরে বসেই থানার সহযোগিতা পাবে বিট পুলিশিং এর মাধ্যমে।

বিট পুলিশিং সমাবেশে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলিগের যুগ্ন সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জজ এর এ্যাডঃ মোঃ বেলাল হোসেন পিপি, ডিআইও-১ আলমগীর হোসেন, জেলা গোয়েন্দা শাখার ইনচার্জ মোঃ শফিকুর রহমান, আলমডাঙ্গা পৌর আওয়ামীলিগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলিগের সভাপতি হেলা মিয়া, চিৎলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাসানুজ্জামান সরোয়ার, বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু প্রমূখ।

হাঁপানিয়ায় বিট পুলিশিং সমাবেশে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম।

আলমডাঙ্গায় বালতির পানিতে ডুবে শিশুর মৃত্যু

টয়লেটে রাখা বালতির পানিতে পড়ে মরিয়ম (৩) নামের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সকাল সাড়ে ১০ টায় আলমডাঙ্গার মুন্সিগঞ্জের হাসপাতাল মোড়ের নিজ বাড়িতে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত শিশু মরিয়ম জেহালার হাসপাতাল মোড়ের আশরাফুল ইসলামের মেয়ে।

স্থানীয় সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের

হাসপাতাল মোড়ের আশরাফুল ইসলামের মেয়ে মরিয়ম খাতুন (৩)। শুক্রবার সকাল ১০ টার দিকে সে নিজ বাড়িতে খেলা করছিলো।

খেলার ফাঁকে বাড়িতে থাকা টয়লেটের মধ্যে যায় । অতর্কিত ভাবে শিশু মরিয়ম পানি ভর্তি বালতির মধ্যে পড়ে মারা যায়।
এসময় শিশু মরিয়মকে তার পরিবারের লোকজন খোঁজ খবর নিলেও তার কোন সন্ধান পায় না। পরে পরিবারের লোকজন শিশু মরিয়মকে নিজ বাড়ির টয়লেটের বালতির মধ্যে মাথা নিচু অবস্থায় দেখতে পায়। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করা হবে।

আলমডাঙ্গায় প্রেমিকের ফোনে, প্রেমিকার বিয়ে বন্ধ করলো ইউএনও

প্রেমিকার বিয়ে বন্ধ করতে ৯৯৯ এ ফোন দিলো প্রেমিক। স্কুল পড়ুয়া প্রেমিকার বিয়ে বন্ধ করলো আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর।

মঙ্গলবার (১৫ নভেম্বর) দুপুর দেড়টার দিকে উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর জোয়ার্দারপাড়ায় ঘটেছে। এ ঘটনায় বাল্য বিবাহ নিরোধ আইন অনুযায়ী স্কুল ছাত্রীর পিতাকে ৫ হাজার টাকা জরিমানা করেছে ।

আদালত সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর জোয়ার্দার পাড়ার নাসির উদ্দীন মোল্লার মেয়ে ৯ম শ্রেণীর ছাত্রীর বিবাহ আয়োজন করে।

মঙ্গলবার দুপুরে কুষ্টিয়া জেলার হালসার নগর বাঁকা গ্রামের ইকবার আলীর ছেলে রুবেল এর সাথে বিবাহ হওয়ার জন্য সকল আয়োজন সম্পন্ন করে স্কুলপড়ুয়া ছাত্রীর পরিবার।

বেলা সাড়ে ১২ টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৯৯৯ এ ফোন দেয় একই গ্রামের স্কুল ছাত্রীর প্রেমিক সাব্বির।

এমন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর ও থানা পুলিশ বাল্য বিবাহ নিরোধ আইন অনুযায়ী দুপুরে ওই স্কুল ছাত্রীর বাড়িতে হাজির হয়। স্কুল ছাত্রীর বয়স পূর্ণ না হওয়ায় বাল্য বিবাহ নিরোধ আইন অনুযায়ী ৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়াও বিবাহের জন্য আয়োজিত সকল খাবার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট হস্তান্তর করেন ।

আলমডাঙ্গায় ডিজিটাল মেলার উদ্বোধন

উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ এ প্রতিপাদ্যে দিন ব্যাপী আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টায় উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চে অনুষ্ঠিত হয়। ডিজিটাল উদ্ভাবনী মেলায় আলোচনা সভা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণ করা হয়।

উদ্বোধনী ডিজিটাল মেলায় উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা সহকারী কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলিগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল মামুন, থানার অফিসার ইনচার্জ পরিদর্শক ওসি সাইফুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা মঈনুদ্দিন, বীরমুক্তিযোদ্ধা জকু, মহিলা বিষয়ক কর্মকর্তা কামরুন্নাহার আঁখি, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা

আক্তার, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি প্রমূখ।

আলমডাঙ্গার বড় গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

আলমডাঙ্গার বড় গাংনি গ্রামে জমিতে পানি দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জুয়েল (২৪) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। বুধবার বিকেলে নিজ জমিতে পানি দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এ দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বিদ্যুৎস্পৃষ্টে মৃত যুবক উপজেলার বড়-গাংনী গ্রামের রহমান আলীর ছেলে জুয়েল হোসেন (২৪)।

স্থানীয় সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের বড়-গাংনী গ্রামের জুয়েল হোসেন প্রতিদিনের ন্যায় মাঠে ধানে পানি দিতে যায়। বৈদ্যুতিক মোটরের সাহায্যে পানি দিতে গেলে অসাবধানতায় বিদ্যুতের তার ছিড়ে পানিতে পড়ে যায়। তার ছিড়ে বিদ্যুতায়িত হয়ে থাকা পানি স্পর্শ করলে সে বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গায় দিন-দুপুরে চুরি স্বর্ণালঙ্কাসহ মা মেয়ে ও জুয়েলারি ব্যবসায়ী আটক

আলমডাঙ্গার মাদ্রাসা পাড়ায় বসত-বাড়িতে দিনে-দুপুরে স্বর্ণালঙ্কার চুরির ঘটনায় ১৮ ঘন্টায় চুরিকৃত স্বর্ণালঙ্কার উদ্ধার করেছে

পুলিশ।

সোমবার (৭ নভেম্বর) দিবাগত রাতে কুষ্টিয়া জেলার চৌঁরহাস এলাকার ক্যানেলপাড়া থেকে স্বর্ণালংকার উদ্ধার করে পুলিশ। এ চুরির ঘটনায় মা- মেয়েসহ কুষ্টিয়ার জুয়েলারি ব্যবসায়ীকে আটক করেছে । এ ঘটনায় আলমডাঙ্গা থানায় স্বর্ণালঙ্কার চুরির মামলা দায়ের করা হয়েছে।

আটকৃতরা হলো- কুষ্টিয়া শহরের চৌঁরহাস ক্যানেলপাড়ার আবুল হোসেনের স্ত্রী জাহানারা খাতুন (৬৫), তার মেয়ে রেজাউল করিমের স্ত্রী পলি খাতুন (৩৮) ও কুষ্টিয়া শহরের চৌঁরহাস মোড়ে সোহাগ জুয়েলারির মালিক সোহাগ (৩৮)।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর মাদ্রাসা পাড়ায় সানোয়ার হোসেন ও স্ত্রী-জবেদা খাতুন তার ছেলের বউ বসবাস করে। গত (৬ নভেম্বর) দুপুর দেড়টার দিকে সানোয়ার হোসেনের স্ত্রী জবেদা খাতুন বাড়ির পাশে কাপড় পরিস্কার করছিলো। তার ঘরে মেইন গেইট খোলা দেখে কুষ্টিয়ার চৌঁরহাস এলাকার আবুল হোসেনের স্ত্রী জাহানারা খাতুন বাড়িতে প্রবেশ করে। সুযোগ বুঝে সে ওয়ারড্রব খুলে বিভিন্ন স্বর্ণালঙ্কার চুরি করে নেয়।

পরে জবেদা খাতুন কাপড় পরিস্কার করে ঘরে ঢুকতে জাহানারাকে দেখতে পায়। সে পানি খাওয়ার উদ্দেশ্যে বাড়িতে প্রবেশ করেছে বলে জবেদা খাতুনকে জানায়। জবেদা খাতুন না বুঝে তার জন্য পানি আনতে গেলে সে পালিয়ে যায়। জবেদা খাতুন ঘটনাটি সন্দেহ হলে সে ওয়ারড্রব খুলে দেখে তার ও ছেলের বউ এর সকল স্বর্ণালঙ্কার চুরি করে নিয়ে গেছে।

এমন ঘটনায় জবেদা খাতুন ঘটনাটি পুলিশকে জানায়। পুলিশ ইতোপূর্বে আটকৃত জাহানারার ছবি দেখালে সে চোর নিশ্চিত করে। এ ঘটনায় জবেদা খাতুন আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ কুষ্টিয়া জেলার চৌঁরহাস মোড়ে স্বর্ণালঙ্কার উদ্ধার অভিযান পরিচালনা করে। সোমবার মধ্য রাতে পুলিশ দেখে জাহানারা খাতুন চুরির ঘটনা উন্মোচন করে।

জাহানারা খাতুন জানায়, স্বর্ণের দেড় ভরি ওজনের একটি চেইন ৪৫ হাজার টাকার বিনিময়ে কুষ্টিয়া শহরের চৌঁরহাস মোড়ে সোহাগ জুয়েলারিতে বিক্রি করে। এছাড়াও চুরিকৃত স্বর্ণালঙ্কার ও বিক্রির ৪৫ হাজার টাকা তার মেয়ে রেজাউল করিমের স্ত্রী পলি খাতুনের নিকট রয়েছে। এমন তথ্যের ভিত্তিতে স্বর্ণালঙ্কার চুরির সাথে সম্পৃক্ত ৩ জনকে আটক করে। উদ্ধার করা হয় প্রায় ৭ ভরি স্বর্ণালঙ্কার।

এ ঘটনায় কুষ্টিয়া জেলার জুয়েলারি মালিক সমিতির সভাপতি মিজান কুমার কর্মকার জানান, চুরিকৃত স্বর্ণালঙ্কার ক্রয় করতে সঠিক দোকানের রশিদ ও জাতীয় পরিচয়ের মাধ্যমে ক্রয় করতে হবে। তবে, চুরি সিন্ডিকেট এর সাথে সম্পৃক্ততা রেখে ব্যবসা পুরো বে-আইনি।

তিনি আরো জানান, যদি সোহাগ জুয়েলারির মালিক সোহাগ যদি চুরিকৃত স্বর্ণালঙ্কার চুরির প্রমান মিলে।পরবর্তীতে ব্যবসায়ীক সমিতি তার বিরুদ্ধে পদক্ষেপ নিবে।

স্বর্ণালঙ্কার চুরির ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, চুরির ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ তিনজনকে আটক করেছে। চুরি হওয়া প্রায় ৭ ভরি স্বর্ণের গহণা উদ্ধার করা হয়। এ ঘটনায় ৩ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।